

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/একা:(এমফিল/পিএইচডি)/২০২০-২০২১(পার্ট-১)/১৪৬৭


তারিখ: ২৭ অক্টোবর, ২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় প্রধানের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর থিসিস বন্টনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়ে বিভাগীয় একাডেমিক কমিটির মতামত সংশ্লিষ্ট ডীন বরাবর আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করবেন। ডীনবন্দ বিভাগ হতে প্রাপ্ত একাডেমিক কমিটির মতামত অনুমোদিত নির্বাহী কমিটিতে আলোচনা করে একটি অভিন্ন (Unified) নীতিমালা/মতামত রেজিস্ট্রার দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণের ব্যবস্থা নিবেন।

- ক. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির সময় যে সকল বিভাগে আসন সংখ্যা ৮০ বা তার চেয়ে কম সে সকল বিভাগে ঐ আসন সংখ্যার ২০% এবং যে সকল বিভাগে আসন সংখ্যা ৮০ এর অধিক সে সকল বিভাগে ঐ আসন সংখ্যার ১০% শিক্ষার্থী স্নাতকোত্তর শ্রেণীতে থিসিস নিয়ে অধ্যয়ন করতে পারবে;
- খ. যে সকল শিক্ষার্থীর স্নাতক (সম্মান)/বিবিএ পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ৩.০০ আছে তারা থিসিস গ্রহণ করতে পারবে;
- গ. থিসিস গ্রহণকারী শিক্ষার্থীদের সুপারভাইজার লটারীর মাধ্যমে নির্ধারিত হবে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

জবি/প্রশা/একা:(এমফিল/পিএইচডি)/২০২০-২০২১(পার্ট-১)/১৪৬৭

তারিখ: ২৭ অক্টোবর, ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১-৬. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- ৭-৮. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- ৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৫. পরিচালক (গবেষণা), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৬. পরীক্ষা নিয়ন্ত্রক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৭. পরিচালক, পিআরআইপি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বহুল প্রচারের অনুরোধসহ);
৪৮. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য);
৪৯. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫০. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫১. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


(সাহানা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)।